



# SOUTHERN

Medical College & Hospital Ltd.

*Aiming at Excellence*

Ref:

তারিখ : ১৯/০৯/২০২২ইং

স্মারক নং- এসএমসিএইচ/অধ্যঃ/সুঃপ্রঃ/০৯/২২/৩০১

Date:

প্রতি,

রেজিস্ট্রার

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ৮৬, বিজয় নগর, ঢাকা।



**বিষয় : সাউদার্ন মেডিকেল কলেজকে ২০১৯-২০ শিক্ষাবর্ষ হইতে এমবিবিএস কোর্সে বিএমএন্ডডিসির স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

জনাব,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার দপ্তর হতে প্রেরিত স্মারক নং-বিএম এন্ড ডিসি/১৩-ডি-২০২১/২১৫৭ এর আলোকে সাউদার্ন মেডিকেল কলেজ ও হাসপাতালের ২০১৯-২০ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সের স্বীকৃতি প্রদানের জন্য আপনার চাহিদা মোতাবেক নিম্নোক্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা হল।

### শর্তাবলী পূরণ :

১। হালনাগাদ সরকারী অনুমোদনের কপি প্রেরণ করা হল (কপি সংযুক্ত)।


২। এনাটমী, ফিজিওলজী, বায়োকেমিস্ট্রি, কমিউনিটি মেডিসিন, মাইক্রোবায়োলজী, ফরেনসিক মেডিসিন, জেনারেল সার্জারী ও চক্ষু বিভাগে নিয়োগ দেয়া হয়েছে।

৩। ছাত্র-ছাত্রী ক্লিনিক্যাল ক্লাস নেওয়ার জন্য রেজিস্ট্রার পদে নিয়োগ দেওয়া হয়েছে।

৪। বেসিক সাবজেক্ট ল্যাবরেটরীগুলোতে শিক্ষার উপকরণ আবশ্যিকভাবে বৃদ্ধি করা হয়েছে।

৩। বিএমএন্ডডিসি প্রণীত সকল নিয়মকানুন মেনে কলেজের শিক্ষা কার্যক্রম চালানো হচ্ছে।

অত্রএব, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

  
অধ্যাপক (ডাঃ) জয়ব্রত দাশ

অধ্যক্ষ

অনুলিপি :

✓ অফিস কপি।

তারিখ : ১৯/০৯/২০২২ইং

.....  


অধ্যাপক (ডাঃ) জয়ব্রত দাশ

অধ্যক্ষ





# SOUTHERN

Medical College & Hospital  
Aiming at Excellence

Office of the Principal

Ref: স্মারক নং- এসএমসিএইচ/অধ্যঃ/সংপ্রঃ/১১/২২/৩৪৩

Date: ২১/১১/২০২২ইং

প্রতি,  
রেজিস্ট্রার

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ৮৬, বিজয় নগর, ঢাকা।

বিষয় : সাউদার্ন মেডিকেল কলেজকে ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে এমবিবিএস কোর্সে বিএমএন্ডডিসির স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

জনাব,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার দপ্তর হতে প্রেরিত স্মারক নং-বিএম এন্ড ডিসি/১৩-ডি-২০২১/২১৫৭ এর আলোকে সাউদার্ন মেডিকেল কলেজ ও হাসপাতালের ২০১৯-২০ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সের স্বীকৃতি প্রদানের জন্য আপনার চাহিদা মোতাবেক নিম্নোক্ত শর্তাবলী যথাযথভাবে পূরন করা হল।

ক্রমিক নং	শর্তাবলী	উত্তর
০১	জরুরী বিভাগটিকে অত্যাধুনিক করে সাজাতে হবে। পর্যাপ্ত পরিমাণে জরুরী ঔষধ আলমিরাতে রাখতে হবে। ঔষধের তালিকা বা বিনকার্ড ঝুলানো থাকতে হবে। যেকোনো জরুরী রোগীর সেবা দেওয়ার পূর্ণ ব্যবস্থা জরুরী বিভাগে থাকতে হবে।	জরুরী বিভাগটিকে অত্যাধুনিক করে সাজানো সহ পর্যাপ্ত পরিমাণে জরুরী ঔষধ আলমিরাতে রাখা হয়েছে। ঔষধের তালিকা বা বিনকার্ড ঝুলানো আছে। যেকোনো জরুরী রোগীর সেবা দেওয়ার পূর্ণ ব্যবস্থা জরুরী বিভাগে রাখা হয়েছে।
০২	আউটডোর এবং ইনডোর রোগীর সংখ্যা অত্যন্ত কম। উভয় বিভাগে রোগীর সংখ্যা আবশ্যিকভাবে বৃদ্ধি করতে হবে। বেড অকুপেন্সি ৭০% হতে হবে। উভয় বিভাগে রোগীর সংখ্যা বৃদ্ধি পেলে এমবিবিএস শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নত হবে।	আউটডোর এবং ইনডোর রোগীর সংখ্যা বাড়ানো হয়েছে। উভয় বিভাগে রোগীর সংখ্যা বৃদ্ধি সহ বেড অকুপেন্সি ৭০%-এ উন্নীত করা হয়েছে।
০৩	এনাটমী, ফিজিওলজী, বায়োকেমিস্ট্রি, কমিউনিটি মেডিসিন, প্যাথলজী, মাইক্রোবায়োলজী, ফরেনসিক মেডিসিন, জেনারেল সার্জারী ও চক্ষু বিভাগে শূন্য পদে শিক্ষক নিয়োগ দিতে হবে।	এনাটমী, ফিজিওলজী, বায়োকেমিস্ট্রি, কমিউনিটি মেডিসিন, প্যাথলজী, মাইক্রোবায়োলজী, ফরেনসিক মেডিসিন, জেনারেল সার্জারী ও চক্ষু বিভাগে শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে।
০৪	ছাত্র-ছাত্রী ক্লিনিক্যাল ক্লাস নেওয়ার জন্য প্রত্যেক বিভাগে রেজিস্ট্রার পদে নিয়োগ দিতে হবে।	ছাত্র-ছাত্রী ক্লিনিক্যাল ক্লাস নেওয়ার জন্য রেজিস্ট্রার পদে নিয়োগ দেওয়া হয়েছে।
০৫	বেসিক সাবজেক্ট ল্যাবরেটরীগুলোতে শিক্ষার উপকরণ আবশ্যিকভাবে বৃদ্ধি করতে হবে।	বেসিক সাবজেক্ট ল্যাবরেটরীগুলোতে শিক্ষার উপকরণ আবশ্যিকভাবে বৃদ্ধি করা হয়েছে।
০৬	বিএমএন্ডডিসি প্রণীত সকল নিয়মকানুন মেনে কলেজের শিক্ষা কার্যক্রম চালাতে হবে।	বিএমএন্ডডিসি প্রণীত সকল নিয়মকানুন মেনে কলেজের শিক্ষা কার্যক্রম চালানো হচ্ছে।

অত্রএব, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

.....  
২১/১১/২২

অধ্যাপক (ডাঃ) জয়ব্রত দাশ

অধ্যক্ষ

অনুলিপি :

১। অফিস কপি।

তারিখ : ২১/১১/২০২২ইং

.....  
অধ্যাপক (ডাঃ) জয়ব্রত দাশ

অধ্যক্ষ